# কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জান্নাতীদের সবচেয়ে বড় আনন্দ

আল্লাহ তা'আলা বলেন,

[وُجُوه۞ يو۞مَئِذ نَّاضِرَةٌ ٢٢ إِلَىٰ رَبِّهَا نَاظِرَة۞ ٢٣ ﴾ [القيامة: ٢٢، ٢٣ ﴿

"সেদিন কতক মুখমণ্ডল হবে হাস্যোজ্জল। তাদের রবের প্রতি দৃষ্টি নিক্ষেপকারী"। [সূরা আল-কিয়ামা, আয়াত: ২২-২৩]

হাদীসে এসেছে: সুহাইব ইবন সিনান আর রুমী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«إِذَا دَخَلَ أَهْلُ الْجَنَّةِ الْجَنَّةَ، قَالَ: يَقُولُ اللهُ تَبَارَكَ وَتَعَالَى: تُرِيدُونَ شَيْئًا أَزِيدُكُمْ؟ فَيَقُولُونَ: أَلَمْ تُبَيِّضْ وُجُوهَنَا؟ أَلَمْ تُدْخِلْنَا الْجَنَّةَ، وَتُنَجِّنَا مِنَ النَّارِ؟ قَالَ: فَيَكْشِفُ الْحِجَابَ، فَمَا أُعْطُوا شَيْئًا أَحَبَّ إِلَيْهِمْ مِنَ النَّظَرِ إِلَى رَبِّهِمْ عَزَّ وَجَلَّ " وفي رواية: وزاد: ثم تلا هذه الآية: {للذين أحسنوا الحسنى وزيادة} [ يونس / الآية ـ 26]».

"যখন জান্নাতবাসীরা জান্নাতে প্রবেশ করবে, তখন আল্লাহ তা'আলা বলবেন: তোমাদের আরো কিছু বাড়িয়ে দেই এমন কিছুকি তোমরা চাও? তারা বলবে, আপনি কি আমাদের চেহারা হাসোজ্জল করেননি? আপনি কি আমাদের জান্নাতে প্রবেশ করান নি? আপনি কি আমাদের জাহান্নাম থেকে মুক্তি দেননি? এরপর আল্লাহ তা'আলা তার চেহারা থেকে পর্দা উঠিয়ে তাদের জন্য নিজ চেহারাকে উম্মুক্ত করবেন। তখন তাদের অনুভূতি হবে আমাদের যা কিছু দেওয়া হয়েছে তার চেয়ে আল্লাহ তা'আলার এ দর্শনই সর্বাধিক প্রিয়। এ কথা বলার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর এ বাণীটি তিলাওয়াত করেন: যারা ভালো কাজ করে তাদের জন্য রয়েছে শুভ পরিণাম (জান্নাত) এবং আরো বেশি (তা হলো আল্লাহকে সরাসরি দেখা)"।[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম, হাদীস নং ১৮১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13570

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন